# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়,
# ঢাকা

## সংবাদ গতিধারা

**ঢাকা, বৃহস্পতিবার ৯ জুন ২০১৬, ২৬ জ্যৈষ্ঠ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জঙ্গিবাদবিরোধী আন্তর্জাতিক উদ্যোগে পাশে থাকবে বাংলাদেশ
: সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা

২। গুপ্ত হত্যা করে কেউ রেহাই পাবে না : সংসদে প্রধানমন্ত্রী

৩। চলতি অর্থবছরের জন্য ৫০ হাজার মেট্রিকটন গম আমদানিসহ দুটি ক্রয় প্রস্তাব অনুমোদন

৪। চিকিৎসকদের ফি হালনাগাদ করা হবে : স্বাস্থ্যমন্ত্রী

৫। ছয় ধরণের ফলে ফরমালিন পাওয়া যায়নি : শিল্পমন্ত্রী

৬। এবার ঈদে ঘরমুখো মানুষকে স্বস্তি দিতে পুলিশের সঙ্গে কাজ করবে স্বেচ্ছাসেবকরা
: সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

৭। শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে
: স্থানীয় সরকার, পল্লি উন্নয়ন ও সমবায় মন্ত্রী

৮। সজীব ওয়াজেদ জয়ের সর্ম্পকে খবর প্রচারের যথাযথ নীতিমালা
অনুসরণ না করায় বিবিসির দুঃখ প্রকাশ

৯। একাদশ শ্রেণিতে ভর্তির আবেদনের সময় আজ শেষ হচ্ছে

১০। এসপির স্ত্রী হত্যায় জড়িত সন্দেহে সাবেক শিবির নেতা গ্রেফতার

১১। আজ বিশ্ব অ্যাক্রিডিটেশন দিবস

চলমান পাতা-২



**১। জঙ্গিবাদবিরোধী আন্তর্জাতিক উদ্যোগে পাশে থাকবে বাংলাদেশ**
**: সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, জঙ্গিবাদ ও সন্ত্রাস বিরোধী যে কোনো আন্তর্জাতিক উদ্যোগে বাংলাদেশ পাশে থাকার জন্য প্রস্তুত। সৌদির সন্ত্রাস বিরোধী জোটে যোগ দেওয়া সম্পর্কে প্রধানমন্ত্রী বলেন, এই জোটে ৪০টি দেশ এ পর্যন্ত

যোগ দিয়েছে। আমরা মনে করি এটা যুগোপযোগী পদক্ষেপ। সন্ত্রাস এবং জঙ্গি বিরোধী যেকোনো পদক্ষেপেই আমরা সহযোগিতা দিতে প্রস্তুত, এমনকি সামরিক সহযোগিতা দিতেও আমরা প্রস্তুত রয়েছি। বুলগেরিয়া, জাপান ও সৌদি আরবে প্রধানমন্ত্রীর সাম্প্রতিক সফর সম্পর্কে গণমাধ্যমকে অবহিত করতে গতকাল ৮ জুন বুধবার গণভবনে আয়োজিত সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। ত্রিদেশীয় সফর থেকে দেশের অর্জনের বিষয়ে উল্লেখ ছাড়াও প্রধানমন্ত্রী সাম্প্রতিক আর্থ-সামাজিক ও রাজনৈতিক পরিস্থিতি বিশেষ করে নিরপরাধ লোকদের টার্গেটেড হত্যাকাণ্ড নিয়ে তিনি বিভিন্ন প্রশ্নের জবাব দেন। সূত্র-**সংবাদ (পৃ.১,ক.১), জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৭)।

**সংবাদ, সমকাল, ইনকিলাব, বাংলাদেশ টুডে, ইন্ডিপেনডেন্ট, অবজারভার, ডেইলি সানসহ** অধিকাংশ দৈনিক পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**২। গুপ্ত হত্যা করে কেউ রেহাই পাবে না : সংসদে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দেশের সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট ও দেশকে অস্থিতিশীল করে তোলার জন্য এখন একটি গোষ্ঠী উঠে পড়ে লেগেছে। কিন্তু এই গুপ্তহত্যাকারীরা যেই হোক, যে দলেরই হোক, তাদের ও তাদের দোসরদের রেহাই দেওয়া হবে না। তাদের বিচার এই বাংলার মাটিতে হবেই হবে। জাতীয় সংসদে গতকাল ৮ জুন বুধবার তিনি এ মন্তব্য করেন। ডেপুটি স্পিকার ফজলে রাব্বি মিয়ার সভাপতিত্বে এক সম্পূরক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী বলেন, আজকে গুপ্ত হত্যাকারীরা পরিবারের ওপর হাত দিতে শুরু করেছে। এ সমস্ত গুপ্ত হত্যা করে তারা দেশের মানুষের যে ক্ষতি করছে, একটা পরিবারের যে ক্ষতি করেছে আমরা এর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেব। সূত্র-**সংবাদ (শেষ পৃ.,ক.২), ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **অবজারভার** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.৭)। **জনকণ্ঠ, নিউজ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**বাংলাদেশ টুডে, ইন্ডিপেনডেন্ট** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**৩। চলতি অর্থবছরের জন্য ৫০ হাজার মেট্রিকটন গম আমদানিসহ দুটি ক্রয় প্রস্তাব অনুমোদন**

চলতি অর্থবছরের জন্য ৫০ হাজার মেট্রিকটন গম আমদানিসহ দুইটি ক্রয় প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। এতে সরকারের মোট ব্যয় হবে ২ কোটি ৪৭ লাখ ৬০ হাজার টাকা। জাতীয় সংসদ ভবনের পশ্চিম ব্লকের দ্বিতীয় তলায় মন্ত্রিসভা কক্ষে অনুষ্ঠিত বৈঠকে এ প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বৈঠকে সভাপতিত্ব করেন। সূত্র-**সংবাদ (শেষ পৃ.,ক.৫), ইনকিলাব ( শেষ পৃ.,ক.৫)।**

**৪। চিকিৎসকদের ফি হালনাগাদ করা হবে : স্বাস্থ্যমন্ত্রী**

চিকিৎসকদের প্রাইভেট প্র্যাকটিসের ফি হালনাগাদ করতে সরকার নতুন আইন প্রণয়ন করবে বলে সংসদকে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল ৮ জুন বুধবার সংসদে প্রশ্নোত্তর পর্বে স্বাস্থ্যমন্ত্রী একথা জানান। মোহাম্মদ নাসিম বলেন, বর্তমানে বেসরকারি পর্যায়ে চিকিৎসাসেবা কার্যক্রম 'দ্য মেডিকেল প্র্যাকটিস অ্যান্ড প্রাইভেট ক্লিনিক অ্যান্ড ল্যাবরেটরিজ অর্ডিন্যাস-১৯৮২' অনুযায়ী পরিচালিত হচ্ছে। এ আইনের তফসিলে বিশেষজ্ঞ চিকিৎসক বা চিকিৎসকদের মেডিকেল ফি বা কনসালটেশন ফি নির্ধারণ করা হয়েছে। ওই অধ্যাদেশ হালনাগাদ ও যুগোপযোগী করে 'বেসরকারি চিকিৎসাসেবা আইন ২০১৬'-এর খসড়া শীঘ্রই চূড়ান্ত করে মন্ত্রিসভায় উপস্থাপন করা হবে। নতুন আইন প্রণয়ন করা হলে বেসরকারি পর্যায়ে চিকিৎসাসেবা প্রদানের ক্ষেত্রে যুগোপযোগী ও হালনাগাদ ফি নির্ধারন করা সম্ভব হবে বলে জানান স্বাস্থ্যমন্ত্রী। সূত্র-**ইত্তেফাক** (শেষপৃ.,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** ( পৃ.১৪,ক.৬),

**৫। ছয় ধরণের ফলে ফরমালিন পাওয়া যায়নি : শিল্পমন্ত্রী**

খেজুর, আম, মালটা, আপেল, আঙুর, ও লিচু এই ছয়টি ফলে পরীক্ষা করে কোনো ফরমালিনের উপস্থিতি পায়নি রাষ্ট্রীয় মাননিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান বিএসটিআই। শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বলেন, বিগত বছরগুলোতে বিএসটিআই'র নিরবচ্ছিন্ন অভিযানের ফলে ফলমূলে ফরমালিনের ব্যবহার অনেকাংশে কমে এসেছে। এ ছাড়া জেলা প্রশাসনের সহযোগিতায় রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ ও সাতক্ষীরায় মৌসুমী ফল আম ও লিচুতে ফরমালিনরোধে বিশেষ অভিযান অব্যাহত রয়েছে। রুটিন ওয়ার্কের পাশাপাশি হাইকোর্টের নির্দেশনার পরিপ্রেক্ষিতে বিএসটিআই'র ল্যাবরেটরিতে আন্তর্জাতিকভাবে স্বীকৃত পদ্ধতিতে চলতি মওসুমে ৬৮টি ফলের নমুনা পরীক্ষা করা হয়েছে। পরীক্ষায় কোনো ফরমালিনের উপস্থিতি পাওয়া যায়নি। মন্ত্রী বলেন, তার মানে এই নয় যে ফলে ফরমালিন মেশানো হচ্ছে না।

আমরা যে নমুনাগুলো পরীক্ষা করেছি তাতে ফরমালিন পাওয়া যায়নি। তিনি বলেন, পবিত্র রমজান মাস উপলক্ষে বিএসটিআই ও ঢাকা জেলা প্রশাসনের উদ্যোগে ঢাকা মহানগরীতে প্রতিদিন অতিরিক্ত মোবাইল কোর্ট পরিচালনা ইতোমধ্যে শুরু হয়েছে। গতকাল ৮ জুন বুধবার শিল্প মন্ত্রণালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে শিল্পমন্ত্রী এ তথ্য জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.২), **সমকাল** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.১১,ক.১), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.১)।

৬। **এবার ঈদে ঘরমুখো মানুষকে স্বস্তি দিতে পুলিশের সঙ্গে কাজ করবে স্বেচ্ছাসেবকরা**
**: সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, কালিয়াকৈরের চন্দ্রা থেকে এলেঙ্গা পর্যন্ত ঢাকা-টাঙ্গাইল মহাসড়কে ফোর লেনের কাজ চলমান থাকায় ট্রাফিক ম্যানেজমেন্ট ঠিক রাখতে এবার বাড়তি ব্যবস্থা নেওয়া হয়েছে। ঈদে জনগণের ঘরে ফেরা যেন শান্তিপূর্ণ ও স্বস্তিদায়ক হয় সেজন্য সড়ক মহাসড়কগুলো যানজটমুক্ত রাখতে আশুলিয়া, চন্দ্রা, গোড়াই, ডিইপিজেড এবং কোনাবাড়িসহ ১৪টি পয়েন্টে এক হাজারের বেশি স্বেচ্ছাসেবক পুলিশের সঙ্গে কাজ করবে। পুলিশের সঙ্গে ঈদের আগে ৫দিন তিন শিফটে ১৪টি পয়েন্টে কাজ করবে স্বেচ্ছাসেবকরা। স্বেচ্ছাসেবকদের ভূমিকা যাত্রীদের যানজটের দুর্ভোগ কমিয়ে স্বস্তি দিতে পারবে। মন্ত্রী গতকাল ৮ জুন বুধবার ঢাকা-টাঙ্গাইল মহাসড়কে গাজীপুরের কালিয়াকৈর উপজেলায় চন্দ্রা হতে টাঙ্গাইলের এলেঙ্গা পর্যন্ত চলমান ফোর লেনের কাজ পরিদর্শনে এসে এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **যুগান্তর** (পৃ.২,ক.৮), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

৭। **শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে**
**: স্থানীয় সরকার, পল্লি উন্নয়ন ও সমবায় মন্ত্রী**

স্থানীয় সরকার, পল্লি উন্নয়ন ও সমবায় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন বলেছেন, প্রতিটি শিশু জন্মের পর তার জন্ম তথ্য নিবন্ধন একটি মৌলিক অধিকার। রাষ্ট্রের পক্ষ হতে এ তথ্য নিবন্ধন করতে হবে। কারণ একজন ব্যক্তির পরিচয় ব্যক্ত হয় জন্ম নিবন্ধনের মাধ্যমে। মন্ত্রী গতকাল ৮ জুন বুধাবার বিদ্যুৎ ভবনে 'শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধনের হার বৃদ্ধি এবং বাল্যবিয়ে প্রতিরোধকল্পে জন্ম সনদের ব্যবহার শীর্ষক জাতীয় কর্মশালা ২০১৬' এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৯,ক.১), **যুগান্তর** (পৃ.১৬,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৮), **অবজারভার** (পৃ.৩,ক.১)।

৮। **সজীব ওয়াজেদ জয়ের সর্ম্পকে খবর প্রচারের যথাযথ নীতিমালা**
**অনুসরণ না করায় বিবিসির দুঃখ প্রকাশ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার পুত্র সজীব ওয়াজেদ জয়কে নিয়ে প্রতিবেদন প্রকাশের ক্ষেত্রে যথাযথভাবে সম্পাদকীয় নীতিমালা অনুসরণ না করায় বিষয়টি স্বীকার করে দুঃখ প্রকাশ করেছে বিবিসি। গতকাল ৮ জুন বুধবার ইমেইলে এক বিবৃতিতে বিবিসি ওয়ার্ল্ড সার্ভিস বলেছে, সজীব ওয়াজেদ জয়ের বক্তব্য জানার আগেই ইসরায়েলি রাজনীতিবিদ মেন্দি এন সাফাদির কথায় দুজনের বৈঠকের খবর প্রকাশ করা বিবিসির সম্পাদকীয় নীতিমালা অনুযায়ী সঠিক হয়নি। সজীব ওয়াজেদ জয়ের বক্তব্য পাওয়ার আগেই ওই প্রতিবেদন প্রকাশ করার জন্য আমরা দুঃখিত কেননা, এ ধরণের ক্ষেত্রে সাধারণত বিবিসির ওই নিয়মই অনুসরণ করার কথা। এ ঘটনার আলোকে সম্পাদকীয় নীতিমালা অনুসরণের বিষয়টি জোরদার করা হবে বলেও বিবৃতিতে জানিয়েছেন বিবিসি গ্লোবাল নিউজের কর্পোরেট কমিউনিকেশন ম্যানেজার পল রাসমুসেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৫)।

৯। **একাদশ শ্রেণিতে ভর্তির আবেদনের সময় আজ শেষ হচ্ছে**

একাদশ শ্রেণিতে ভর্তির আবেদনের সময় আজ ৯ জুন বৃহস্পতিবার শেষ হচ্ছে। গত ২৬ মে থেকে ভর্তির আবেদন শুরু হয়। আগামী ১৬ জুন একাদশ শ্রেণিতে ভর্তির জন্য মনোনিত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে। এ বছর অনলাইনে ১৫০ টাকা ফি জমা দিয়ে সর্বোচ্চ ১০টি কলেজে আবেদন করে শিক্ষার্থীরা। গত বছর অনলাইনে একাধিকবার আবেদনের সুযোগ থাকলেও এবার একবারই আবেদন করার সুযোগ রাখা হয়। এসএমএসের মাধ্যমে আবেদন করতে প্রতি কলেজের জন্য ১২০ টাকা ফি দিতে হয়েছে শিক্ষার্থীদের। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৫)।

১০। **এসপির স্ত্রী হত্যায় জড়িত সন্দেহে সাবেক শিবির নেতা গ্রেফতার**

পুলিশ কর্মকর্তা বাবুল আক্তারের স্ত্রী মাহমুদা খাতুন মিতু হত্যা মামলায় ব্যবহৃত মোটরসাইকেলটি আট মাস আগে চুরি হয়ে গিয়েছিল। কয়েক বার হাতবদল হওয়ার পর সর্বশেষ মালিকের কাছ থেকে এটি চুরি হয় বলে জানিয়েছে

পুলিশ। গতকাল ৮ জুন বুধবার চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের মিডিয়া সেন্টারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে অতিরিক্ত কমিশনার দেবদাস ভট্টাচার্য জানান, মোটরসাইকেলের সর্বশেষ মালিক শহীদুল্যাহকে আমরা আটক করে জিজ্ঞাসাবাদ করেছি, তার এই মোটরসাইকেলটি আট মাস আগে চুরি হয়ে গিয়েছিল বলে থানায় সাধারণ ডায়েরি



করা হয়েছে। এদিকে মিতু হত্যা মামলায় জড়িত সন্দেহে চট্টগ্রামের হাটহাজারী থেকে আবু নছর গুন্নু নামের এক মাজার খাদেমকে আটক করা হয়েছে। গতকাল ৮ জুন বুধবার সকালে হাটহাজারীর ফরহাদাবাদ ইউনিয়ন থেকে তাকে আটক করা হয়। সূত্র-**সংবাদ (পৃ.১,ক.৬), জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **নিউ নেশন** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.২)।

**১১। আজ বিশ্ব অ্যাক্রিডিটেশন দিবস**

বিশ্ব অ্যাক্রিডিটেশন দিবস আজ। বিশ্ব বাণিজ্য প্রসার এবং পণ্যের পরীক্ষা ও মান নিয়ন্ত্রণ সম্পর্কে বিশ্ববাসীকে সচেতন করতে প্রতি বছর ৯ জুন আন্তর্জাতিক অ্যাক্রিডিটেশন ফোরাম (আইএএফ)ও আন্তর্জাতিক ল্যাবরেটরি অ্যাক্রিডিটেশন কো-অপারেশন যৌথভাবে এ দিবস পালন করে আসছে। চলতি বছর বিশ্ব অ্যাক্রিডিটেশন দিবসের মূল প্রতিপাদ্য 'অ্যাক্রিডিটেশন সরকারি নীতি নির্ধারণে বিশ্বব্যাপী স্বীকৃত ব্যবস্থা' এ শ্লোগান নিয়ে বিশ্বের অন্য দেশের মতো বাংলাদেশেও আজ বিশ্ব অ্যাক্রিডিটেশন দিবস উদ্‌যাপন করা হবে। এ উপলক্ষে বাংলাদেশ অ্যাক্রিডিটেশন বোর্ড (বিএবি) বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৮), **যুগান্তর** (পৃ.৯,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.৪,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো :** সরকারিভাবে অনুমতি ছাড়া বগুড়ার ধুনট উপজেলার বাঙ্গালী নদী থেকে ড্রেজার মেশিন দিয়ে অবৈধভাবে বালু উত্তোলন করায় নদী তীরবর্তী গ্রামের বসতভিটা, আবাদি জমি ও রাস্তা ভাঙনের মুখে পড়েছে উল্লেখ করে অবিলম্বে এই অবৈধ ভাবে বালু উত্তোলন বন্ধ করে দোষী ব্যক্তিদের বিচারের আওতায় আনার দাবি।

খ. **ইত্তেফাক :** সিলেট অঞ্চলে ৪৬ জাতের মাছ বিলুপ্ত হওয়ার পথে এক প্রতিবেদনে তা প্রকাশ পাওয়ায় উদ্বেগ প্রকাশ করে এর সাথে সাথে দেশের বিলুপ্তের পথে সকল দেশীয় মাছ উৎপাদনে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **জনকণ্ঠ :** রমজান মাসে নিরবচ্ছিন্ন গ্যাস, পানি ও বিদ্যুতের এর সরবরাহ নিশ্চিত করতে নজর দেওয়ার সুপারিশ।

ঘ. **সংবাদ :** স্বাধীনতার ৪৫ বছর পরও পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রীর নামে লক্ষীপুরের একটি গ্রামে একটি স্কুল চলায় নিন্দা জানিয়ে নাম পরিবর্তন করে স্কুলটিকে কলংকমুক্ত করার আহ্বান।

ঙ. **ইনকিলাব :** রাজধানীতে যানজটের কারণে জনগণের ভোগান্তি বেড়েই চলেছে উল্লেখ করে যানজট নিরসনে কার্যকর পদক্ষেপ নিতে সংশ্লিষ্টদের প্রতি সুপারিশ।

চ. **ডেইলি স্টার, ডেইলি সান, যায়যায়দিন :** নিম্নমানের ও ভেজাল ওষুধ উৎপাদনের দায়ে ২০টি ওষুধ কোম্পানিকে ওষুধ উৎপাদন বন্ধ করে দিতে হাইকোর্টের নিষেধাজ্ঞা প্রয়োগের পাশাপাশি বাজার থেকে নিম্নমানের ওষুধ তুলে নেওয়াসহ জনগণকে এ ব্যাপারে সচেতন করতে যথাযথ কর্তৃপক্ষকে ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** অবৈধ ভিওআইপি ব্যবসা ও অবৈধ আন্তর্জাতিক কলের অধিকাংশই রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের মাধ্যমে হওয়ায় বিটিআরসিকে দ্রুত এসব অবৈধ ফোনকল বন্ধে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান।

জ. **ডেইলি সান, নিউ এজ, সংবাদ,প্রথম আলো, যুগান্তর :** জঙ্গিবাদকে সফলভাবে মোকাবিলায় জাতীয়স্বার্থে জাতীয় ঐক্যমত্য গড়ে তোলার পাশাপাশি জঙ্গিবিরোধী কর্মকাণ্ডে জনগণকে সম্পৃক্ত করার ওপর গুরুত্বারোপ।

ঝ. **নিউজ টুডে, নিউ নেশন, যুগান্তর :** ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের লুটপাট নিয়ে অর্থমন্ত্রীর অভিমতকে এ বিষয়ে বিলম্বিত স্বীকারোক্তি বলে মন্তব্য করে সাগর দস্যুদের ধরে বিচারের আওতায় এনে ব্যাংকিং খাতে জনগণের বিশ্বাস পুনরায় ফিরিয়ে আনার প্রত্যাশা ব্যক্ত করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে জঙ্গিবিরোধী আইনের আওতায় বিশেষ ট্রাইব্যুনাল চালু করে জঙ্গিদের দ্রুতবিচার নিশ্চিত করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত **'মাধ্যমিক শিক্ষার মানোন্নয়ন কীভাবে হবে'** শিরোনামের নিবন্ধে মুহাম্মদ জাহাঙ্গীর প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন না করে মাধ্যমিক শিক্ষার মান বাড়ানো সম্ভব নয় বলে অভিমত প্রকাশ করেছেন।

#
ফারহানা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা